



তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

### কলেজ র্যাংকিং এর জন্য তথ্য আহ্বান

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০১৭ সালের জন্য নির্ধারিত KPI (Key Performance Indicators) -এর ভিত্তিতে অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের Performance র্যাংকিং করে জাতীয় পর্যায়ে ৮টি সেরা কলেজ (৫টি সাধারণ, ১টি সরকারি, ১টি বেসরকারি ও ১টি মহিলা) এবং ৮টি বিভাগভিত্তিক অঞ্চলের প্রত্যেকটি থেকে সর্বোচ্চ ১০টি করে ৮০টি, এভাবে সমগ্র দেশে মোট ৮৮টি সেরা কলেজকে নির্বাচনের উদ্যোগ গ্রহণ করেছে। উল্লেখ্য নির্বাচিত সেরা কলেজসমূহকে পূর্বের ন্যায় জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের মাধ্যমে অ্যাওয়ার্ড ও সম্মাননা পুরস্কার প্রদান করা হবে। র্যাংকিং এর KPI (Key Performance Indicators) সম্পর্কিত তথ্যাবলীর সময়কাল হবে ১লা জানুয়ারী ২০১৭ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। এক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nubd.info/college](http://www.nubd.info/college) থেকে college Profile মেন্যুতে ক্লিক করে প্রদর্শিত স্ক্রীনে সংশ্লিষ্ট কলেজের সঠিক college code ও password দিয়ে login করে কলেজ র্যাংকিং ফরম-২০১৭ যথাযথভাবে পূরণ করার জন্য কলেজসমূহকে আহ্বান জানানো হয়েছে।

অনলাইনে প্রশ্নমালা পূরণ এবং হার্ডকপি রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবরে পাঠানোর শেষ তারিখ ১৫ই মার্চ ২০১৮।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়